

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০১০.০০.০০০.০০২.২০০৯ (অংশ)- ৭২৩

তারিখঃ ১৯.১১.২০১৩ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ফরিদপুর মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস), ফরিদপুর এর ভাড়া করা (বাড়ীর) ছাত্রবাস ও ছাত্রীনিবাসের
ব্যয় মঞ্জুরী প্রদান সংক্রান্ত।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস), ফরিদপুর এর শিক্ষা কার্যক্রম পরিচালনার
লক্ষ্যে ছাত্রবাস ও ছাত্রীনিবাসের জন্য ভাড়া কৃত ০৪টি বাড়ীর গণপূর্ত বিভাগ, ফরিদপুর কর্তৃক নির্ধারিত মাসিক ভাড়া অনুযায়ী
নিম্নবর্ণিত ছকের বর্ণনানুসারে ভাড়া বাবদ সর্বমোট ৩,২৭,০৮১.০০ (তিন লক্ষ সাতাশ হাজার একাশি টাকা) টাকার
পরিশোধের লক্ষ্যে ব্যয় মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

ক্রমিক নং	বাড়ীর মালিক ও ঠিকানা	মাসিক ভাড়া	পরিশোধ যোগ্য মাসের নাম	ব্যয় মঞ্জুরীর টাকার পরিমাণ
১	মোঃ মজিবুর রহমান, লক্ষীপুর, ফরিদপুর। হোস্টিং নং-২৬, মৌজা নং-১১৯, হাবেলী গোপালপুর।	৫৮,৫৯৫/-	জুলাই ১৩ হতে সেপ্টেম্বর ২০১৩ = ০৩ মাস	১,৭৫,৭৮৫.০০
২	নোয়াব মঞ্জিল, প্রোঃ অনুফা বেগম, আল আমিন মসজিদ রোড, গৃহ লক্ষীপুর, ফরিদপুর মৌজা নং ১২০ হোস্টিং নং-০৩/৩০/৫০১	১৮,৩৮৮/-	জুলাই ১৩ হতে সেপ্টেম্বর ২০১৩ = ০৩ মাস	৫৫,১৬৪.০০
৩	মমতা মহল, প্রোঃ মোঃ ওয়ালীউর রহমান, গৃহ লক্ষীপুর, ফরিদপুর, মৌজা নং-১২০ গৃহলক্ষীপুর, হোস্টিং নং-৪/৩৯/৪	১৫,২৫৮/-	জুলাই ১৩ হতে সেপ্টেম্বর ২০১৩ = ০৩ মাস	৪৫,৭৭৪.০০
৪	সেলিনা মঞ্জিল, প্রোঃ মোঃ আবুল বাশার, লক্ষীপুর, হোস্টিং নং-৩/১৮, মৌজা-১২০	১৬৭৮৬/-	জুলাই ১৩ হতে সেপ্টেম্বর ২০১৩ = ০৩ মাস	৫০,৩৫৮.০০
		সর্বমোট =	(তিন লক্ষ সাতাশ হাজার একাশি টাকা)	৩,২৭,০৮১.০০

০২। এ ব্যয় চলতি ২০১২-২০১৩ অর্থ বছরের ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৩
স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রি-সার্ভিস এডুকেশনের অধীন কোড নং- ৫-২৭১১-৫১৬০-৪৮০৭ -
বাড়ী ভাড়া খাত হতে মিটানো হবে।

তবে শর্ত থাকে যে,

(ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ অনুসরণসহ
সরকারের যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।

(খ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

সালমা সিদ্দিকা মাহতাব
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০১০.০০.০০০.০০২.২০০৯ (অংশ)-৭২৩/১(৬)

তারিখঃ ১৮.১১.২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। লাইন ডাইরেক্টর, প্রি-সার্ভিস এডুকেশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল, ফরিদপুর।
- ০৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
- ✓ ০৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০১.০০.০০.০১২.২০১১-৭২৬

তারিখঃ ১৯.১১.২০১৩খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে জিওবি খাতের ২য় কিস্তি বাবদ অর্থ ছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২৯.০৯.২০১৩ তারিখের ৪৫.১৭২.০০১.০০.০০.০১২.২০১১-৫৯৬ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে “হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ২য় কিস্তি বাবদ ১৫১.১২ লক্ষ (এক কোটি একাত্তর লক্ষ বার হাজার) টাকা নিম্নোক্তভাবে ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর	অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্তকৃত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	“হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)”	অনুমোদিত	২য়	১৪৬.১২ লক্ষ	৫.০০ লক্ষ	১৫১.১২ লক্ষ

০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে “হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)” হতে বহন করা হবে।

০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত।

০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) ওপি’র সংস্থান অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয় করতে হবে; এবং

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।



(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd




অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০০১.০০.০০.০১২.২০১১-৭২৬/১(৮)

তারিখঃ ১৯.১১.২০১৩খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৭। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০১১.২০১২-৭৩০

তারিখঃ ২০.১১.২০১৩ খ্রি:

প্রেরকঃ সুশীল কুমার পাল
সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন প্রক্রিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫২০০) শীর্ষক কর্মসূচির অনুকূলে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য অগ্রিম অর্থ উত্তোলন সংক্রান্ত।

মহোদয়

আমি নির্দেশিত হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন এইচপিএনএসডিপি'র আওতায় প্রক্রিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫২০০) শীর্ষক কর্মসূচির অনুকূলে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) বাবদ ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত ১৭৫.০০ লক্ষ টাকা হতে ৯৪,৩৬,৮০০/- (চুরানকই লক্ষ ছত্রিশ হাজার আটশত) টাকা অগ্রিম উত্তোলনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত প্রক্রিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫২০০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫২০০-৪৮৪০ হতে বহন করা হবে।

০২। নিম্নবর্ণিত বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে ৪৮৪০ কোডে ২য় প্যাকেজটির ০৫ (পাঁচ) জনের বিমান ভাড়া ও আনুষ্ঠানিক খরচ+ দৈনিক সম্মানী ভাতা বাবদ ২,০০,০০০/-+ ৪,২২,৮০০/-= ৬,২২,৮০০/- টাকা লাইন ডাইরেক্টর পিএলএসএম এর অনুকূলে ন্যাস্ত করার এবং ০৫ (পাঁচ) জনের টিউশন ফি, ইনস্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ ১৮,৩০,০০০/- টাকার সমপরিমান বৈদেশিক মুদ্রায় (২২,৮৭৫.০০ মার্কিন ডলার, ১ ডলার = ৮০ টাকা) আয়োজনকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরণ করার অনুমোদন প্রদান করা হলো।

০৩। নিম্নবর্ণিত বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ৪৮৪০ কোডে ৩য় প্যাকেজটির ০৬ (ছয়) জনের বিমান ভাড়া ও আনুষ্ঠানিক খরচ+ দৈনিক সম্মানী ভাতা বাবদ ২,৮৮,০০০/-+ ২৯,৫২,০০০/-= ৩২,৪০,০০০/- টাকা লাইন ডাইরেক্টর পিএলএসএম এর অনুকূলে ন্যাস্ত করার এবং ০৬ (ছয়) জনের টিউশন ফি, ইনস্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ ৩৭, ৪৪,০০০/- টাকার সমপরিমান বৈদেশিক মুদ্রায় (৪৬৮০০.০০ মার্কিন ডলার, ১ ডলার = ৮০ টাকা) আয়োজনকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরণ করার অনুমোদন প্রদান করা হলো।

ক্রমিক নং	প্যাকেজ নং	প্রশিক্ষণের নাম, দেশ ও মেয়াদ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	বিমান ভাড়া ও রিলেটেড ব্যয়	দৈনিক ভাতা	টিউশন রিলেটেড ব্যয়	প্রাক্কলিত ব্যয়
1	FT-2	Training on Procurement Management in Healthcare Services, India, 07 Days	05	US\$ 2500.00 (5x500) 200000.00 BDT	US\$5285.00 (5X7X151) 422800.00 BDT	US\$22875.00 1830000.00 BDT	US\$ 30660.00 2452800.00 BDT
2	FT-3	Training on Procurement of Goods and Services, Malaysia, 19 Days (Fixed date-25 Nov to 13 Dec)	06	US\$ 3600.00 (6x600) 288000.00 BDT	US\$36900.00 2952000.00 BDT	US\$46800.00 3744000.00 BDT US\$39780.00 (85% in Canada) US\$7020.00 (15% in Malaysia)	US\$ 87300.00 6984000.00 BDT

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (ঘ) ২য়-৩য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়মি হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (চ) পরিপত্র নং স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/(IST)/HNPS/২০০৭/২০৭ তারিখ : ২৮.১০.২০০৭ অনুযায়ী HNPS'র আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে।

০৪। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।



(সুশীল কুমার পাল)

সহকারী সচিব

ফোনঃ ৯৪৫৯৫৫৩

saspil@mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০১০.২০১২-৭৩০/১(৯)

তারিখঃ ২০.১১.২০১৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, প্রকিউরমেন্ট, লজিস্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট, কেন্দ্রীয় ঔষধাগার, স্বাস্থ্য অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



(সুশীল কুমার পাল)

সহকারী সচিব